

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে ‘কেমিক্যাল হাজার্ড অ্যান্ড ইটস ইমপ্লিকেশন
কন্ট্রোলিং মেজার্স অ্যান্ড মিটিগেশন’ শীর্ষক সেমিনার**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে সেমিনার অন ‘কেমিক্যাল হাজার্ড এন্ড ইটস ইমপ্লিকেশন কন্ট্রোলিং মেজার্স অ্যান্ড মিটিগেশন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১৩ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।

প্রোগ্রাম মডারেটর ও আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় সেমিনারে রিসোর্স পার্সন ছিলেন বিসিআইসির সাবেক পরিচালক (টেকনিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং) এবং বাংলাদেশ কেমিক্যাল সোসাইটির সাবেক পরিচালক জনাব আবুল বাশার মিঞা।

উল্লেখ্য, উক্ত সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪